লাটভিয়া

EUROPEAN UNION AGENCY FOR ASYLUM

# রিসেপশনে আপনার অধিকার ও বাধ্যবাধকতা



এই তথ্যগুলো আপনার জানার জন্য, যদি:

- আপনি একজন প্রাপ্তবয়স্ক (18 বছর বা তার বেশি) হন
- আপনি লাটভিয়ায় আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন (যাকে অ্যাসাইলামও বলা হয়) এবং আপনি এখন আন্তর্জাতিক সুরক্ষা পাওয়ার একজন আবেদনকারী।

BENGALI

# বিষয়বস্তু


| | |
|---|---|
| রিসেপশন কী? | 3 |
| আপনি কী কী পাবেন? | 6 |
| স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার | 7 |
| শিশুদের জন্য শিক্ষার অধিকার | 10 |
| কাজ করার অধিকার | 11 |
| ভাষা কোর্স এবং পেশাগত প্রশিক্ষণের অধিকার | 12 |
| যে নথিতে লেখা আছে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী | 13 |
| আপনি কোথায় থাকবেন? | 13 |
| যে পরিস্থিতিতে একজন আবেদনকারীকে আটক করা যেতে পারে | 18 |
| আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী? | 19 |
| যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে? | 20 |
| যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যান, তাহলে কী হবে? | 21 |
| যখন আপনাকে সেই EU+ দেশের সদস্য রাষ্ট্রে ফেরত পাঠানো হবে যেটি আপনি অনুমতি ছাড়াই ছেড়েছেন, তখন কী হবে? | 21 |
| আপনি কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন | 22 |
| আপনি আইনি সহায়তা পেতে পারেন | 23 |
| যোগাযোগের তথ্য | 24 |

## রিসেপশন কী?

রিসেপশন হলো সেই সহায়তা যা আপনি একজন আবেদনকারী হিসেবে পাবেন, যতক্ষণ না কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পরীক্ষা করা শেষ করে। এর মধ্যে রিসেপশনে প্রাপ্ত অধিকার এবং বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত রয়েছে যা এই ব্রোশিওরে ব্যাখ্যা করা হয়েছে।

লাটভিয়াতে যে কর্তৃপক্ষ আশ্রয়প্রার্থীদের আশ্রয় কেন্দ্রে ভর্তি ও বাসস্থানের ব্যবস্থা করার দায়িত্বে থাকেন, তারা হলো স্টেট বর্ডার গার্ড ও নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগ।

আপনার আশ্রয়প্রার্থনার আবেদন পরীক্ষা করার দায়িত্ব নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের ওপরে রয়েছে।

স্টেট বর্ডার গার্ডের কর্মকর্তারা এই ব্রোশিওরে থাকা তথ্য আপনি বুঝতে পেরেছেন কি-না তা জিজ্ঞাসা করবে এবং তা নিশ্চিত করতে স্বাক্ষর করতে বলবে। যদি কিছু পরিষ্কার না হয় তাহলে স্টেট বর্ডার গার্ডের কর্মীদের জিজ্ঞাসা করুন।



**আপনি এই দেশে নিরাপদ আছেন।**

আপনার অবস্থানের সময়, স্টেট বর্ডার গার্ড কর্মী অথবা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মী আপনাকে আশ্রয় কেন্দ্রে ভর্তির পরিষেবা এবং সহায়তা সম্পর্কে তথ্য দেবে, যা আপনার পরিস্থিতির উপর নির্ভর করবে।



আপনি অন্যান্য প্রতিষ্ঠান থেকেও তথ্য এবং সাহায্য বিনামূল্যে চাইতে পারেন। আপনি এই ব্রোশিওরের শেষে প্রতিষ্ঠানগুলোর একটি তালিকা পাবেন।



প্রয়োজন হলে, **একজন দোভাষী** আপনাকে কর্মীর সাথে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করবে যা আপনি বুঝতে পারেন। দোভাষী আপনার বলা কোনো কথা কাউকে বলবে না।

**আপনি আলাদা ব্রোশিওরে অ্যাসাইলাম প্রসিডিউর এবং অনুসরণ করার নিয়ম সম্পর্কে তথ্য পেতে পারেন।**

## আপনি এখন লাটভিয়াতে আছেন, যা একটি EU+ দেশ।

ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এর 27 সদস্য রাষ্ট্র: অস্ট্রিয়া, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র, ইতালি, এস্তোনিয়া, ক্রোয়েশিয়া, গ্রীস, চেকিয়া, জার্মানি, ডেনমার্ক, নেদারল্যান্ডস, পর্তুগাল, পোল্যান্ড, ফিনল্যান্ড, ফ্রান্স, বুলগেরিয়া, বেলজিয়াম, মাল্টা, রোমানিয়া, লাটভিয়া, লিথুয়ানিয়া, লুক্সেমবার্গ, সাইপ্রাস, সুইডেন, স্পেন, স্লোভাকিয়া, স্লোভেনিয়া, হাঙ্গেরি এবং

4টি অন্যান্য দেশ: আইসল্যান্ড, নরওয়ে, লিশটেনস্টেইন, সুইজারল্যান্ড।

### সাবধান!

সকল EU+ দেশে আবেদনকারীদের একই ধরনের সব রিসেপশন অধিকার এবং বাধ্যবাধকতা রয়েছে।

অ্যাসাইলামের জন্য আবেদন করা এবং অন্য EU+ দেশে ভ্রমণ করার নিয়মাবলি রয়েছে।

**আপনি অবশ্যই সেই EU+ দেশে অ্যাসাইলামের জন্য আবেদন করতে হবে এবং আপনার আবেদন রেজিস্টার করতে হবে যেখানে আপনি প্রথমবার পৌঁছিয়েছিলে,** যদি না কর্তৃপক্ষ আপনাকে অন্য কিছু করতে বলে।

**আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য শুধুমাত্র একটি EU+ দেশ দায়িত্বশীল।** লাটভিয়া কর্তৃপক্ষ একটি পদ্ধতি অনুসরণ করবে যাতে ঠিক হবে কোন EU+ দেশ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করবে।

**আপনাকে লাটভিয়াতেই থাকতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ছাড়া আপনি অন্য কোনও EU+ দেশে যেতে পারবেন না।** লাটভিয়াতে আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে। অন্য দেশে আপনার চলাচলের স্বাধীনতা সীমাবদ্ধ হতে পারে এবং কিছু রিসেপশন পরিষেবা বাতিল করা হবে।

## আপনি কী কী পাবেন?

যখন কর্তৃপক্ষ আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন পরীক্ষা করছে, এবং আপনার ব্যক্তিগত ও আর্থিক পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি পাবেন:



- থাকার ব্যবস্থা



- নিজেকে পরিষ্কার রাখার উপকরণ



- খাবার



- কাপড়



- দৈনন্দিন খরচের জন্য অর্থ

## স্বাস্থ্য পরিষেবা পাওয়ার অধিকার

কর্তৃপক্ষ নিশ্চিত করবে যে আপনি **প্রয়োজনীয় স্বাস্থ্য পরিষেবা পাচ্ছেন**। এর মধ্যে উদাহরণস্বরূপ অন্তর্ভুক্ত হতে পারে: নার্স বা চিকিৎসকের সঙ্গে দেখা করা, গুরুতর রোগ এবং দীর্ঘস্থায়ী অসুস্থতা পরীক্ষা করা, চিকিৎসক দ্বারা প্রেসক্রাইব করা ওষুধ এবং মানসিক স্বাস্থ্য সহায়তা।



**যদি আপনার কোনো স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা থাকে, তাহলে কর্মীদের জানান।**

যদি আপনার কোনো জরুরি স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা বা আঘাত থাকে যার তাৎক্ষণিক চিকিৎসা প্রয়োজন, তাহলে কর্মীদের জানান অথবা বিনামূল্যে জরুরি নম্বর 112-এ কল করুন।



আপনাকে একজন নার্স বা চিকিৎসকের সাথে মেডিকেল চেকআপ করাতে হতে পারে/হবে। তারা আপনার স্বাস্থ্যের খোঁজ নেবে এবং সাহায্য করবে। তারা আপনাকে বর্তমান বা অতীতের রোগ, আপনার টিকার রেকর্ড এবং আপনি কোনও ওষুধ খাচ্ছেন কি না সে সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে/করবে। তারা আপনার যেকোনো আঘাত, ব্যথা, অবস্থা বা উদ্বেগ সম্পর্কে জিজ্ঞাসা করতে পারে/করবে।

লাটভিয়ায় আপনার আশ্রয়প্রার্থনার আবেদন রেজিস্টার্ড হওয়ার পরে এবং আপনাকে বাসস্থানের ব্যবস্থা করে দেওয়ার পরে, আপনার টিউবারকিউলোসিস পরীক্ষা করা হবে, এটি করা বাধ্যতামূলক।

## যদি আপনার বিশেষ চাহিদা থাকে, তবে আপনি বিশেষ সহায়তা পাওয়ার অধিকার রাখেন।







**কর্মীদের জানান যদি:**

- আপনি অসুস্থ বা আহত হলে
- আপনি যদি গর্ভবতী হন বা হতে পারেন বলে মনে হয়
- আপনার পরিবারে কারো বিশেষ সহায়তার প্রয়োজন হলে
- আপনার শারীরিক অক্ষমতা আছে (উদাহরণস্বরূপ, চলাফেরায় সীমাবদ্ধতা, শ্রবণহানি, দৃষ্টি সমস্যা)
- আপনি সর্বদা উদ্বিগ্ন, চিন্তিত বা উৎকণ্ঠিত বোধ করেন, ঘুমাতে পারেন না, বা নেতিবাচক চিন্তা হয়
- আপনি অতীতে হিংস্র আচরণ বা নির্যাতনের শিকার হয়েছেন
- আপনি অনিরাপদ বোধ করেন, হুমকির সম্মুখীন হন, অথবা আপনি কাউকে ভয় পান, তা সে অপরিচিত ব্যক্তি হোক বা আপনার পরিচিত কেউ হোক
- আপনাকে যদি এমন কিছু করতে বাধ্য করা হয়ে থাকে বা করা হয়, যা আপনি করতে চান না
- আপনি যদি আপনার ধর্ম, ভালোবাসা, পোশাক বা আচরণের কারণে নিজেকে অসুরক্ষিত মনে করেন
- আপনার বয়স 18 বছরের কম এবং আপনি আপনার বাবা-মা ছাড়া এসেছেন, হয় একা অথবা পরিবারের অন্য সদস্যদের সাথে।

বিশেষ সহায়তা শুধুমাত্র তখনই প্রদান করা যেতে পারে যখন স্টেট বর্ডার গার্ড কর্মী অথবা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মীরা আপনার বিশেষ চাহিদা সম্পর্কে জ্ঞাত থাকবেন।





স্টেট বর্ডার গার্ড কর্মী এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মী আপনাকে প্রশ্ন করবে যাতে:

- আপনার **বিশেষ চাহিদা** মূল্যায়ন করা যায়
- চিহ্নিত করা যায় আপনার জন্য **কোন বিশেষ সহায়তা** সবচেয়ে উপযুক্ত।

এটিকে বলা হয় **বিশেষ চাহিদার মূল্যায়ন।**

যদি প্রয়োজন হয়, একজন দোভাষী আপনাকে এমন একটি ভাষায় যোগাযোগ করতে সাহায্য করবে যা আপনি বুঝতে পারেন।



**যদি আপনার বিশেষ সহায়তার প্রয়োজন হয়, সর্বদা** স্টেট বর্ডার গার্ড কর্মী অথবা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মীদের সাথে যোগাযোগ করুন।

আপনি এই সহায়তা ততক্ষণ পাবেন যতক্ষণ কর্তৃপক্ষ মনে করবে আপনার এটির প্রয়োজন আছে।

আপনি চিকিৎসক, নার্স এবং স্টেট বর্ডার গার্ড কর্মী এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মীদের বিশ্বাস করতে পারেন এবং তাদের সাথে মন খুলে কথা বলতে পারেন। আপনার বলা সব কথা গোপন রাখা হবে আপনার অনুমতি ছাড়া কাউকে বলা হবে না।

এর একমাত্র ব্যতিক্রম হবে যদি আপনার বা অন্য কারোর জীবন ঝুঁকির মধ্যে পড়ে।

## শিশুদের শিক্ষার অধিকার

যে সব শিশু, ছেলে ও মেয়ের বয়স, 18 বছরের নিচে তারা শিক্ষার অধিকার পায়।

তাদের এইসব সহায়তা পাওয়ার অধিকার আছে, যেমন জাতীয় ভাষা শেখা।



লাটভিয়ায় আশ্রয়প্রার্থীদের 5 বছর বয়স থেকে প্রি-স্কুলের সুবিধা দেওয়া হয়, পাশাপাশি প্রাথমিক শিক্ষা (18 বছর বয়স পর্যন্ত) ও মাধ্যমিক স্তরের শিক্ষালাভের সুযোগও দেওয়া হয়।

**পিতামাতাদের সন্তানদের শিক্ষাদানের বাধ্যবাধকতা রয়েছে, যার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা করাও অন্তর্ভুক্ত।**

## কাজ করার অধিকার

আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি লাটভিয়ায় আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন রেজিস্ট্রেশনের তিন মাসের পর থেকে কাজ করার অধিকার পেতে পারেন।

স্টেট বর্ডার গার্ড কর্মী অথবা নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মী, সমাজকর্মী ও মেন্টররা আপনাকে জানাবে যে কোন নিয়মাবলি লাটভিয়ায় প্রযোজ্য।



কিছু ব্যতিক্রম রয়েছে, উদাহরণস্বরূপ, যদি আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা না করেন, তবে আপনাকে কাজ করতে দেওয়া হবে না।



সমস্ত ছেলে এবং মেয়ে যারা 15 বছর বয়সের নিচে, তাদের কাজ করতে দেওয়া হবে না (ব্যতিক্রমী ক্ষেত্রে, তাদের 13 বছর বয়স থেকে কাজ করার অনুমতি দেওয়া হতে পারে)।

## ভাষা কোর্স এবং পেশাগত প্রশিক্ষণ

আপনার পরিস্থিতির উপর নির্ভর করে, আপনি নিম্নলিখিত কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন:

- ভাষা শিক্ষার কোর্স;
- যে দেশে আপনি বসবাস করেন সেই সমাজ সম্পর্কিত কোর্স;
- পেশাগত প্রশিক্ষণ।



কর্মীরা আপনাকে এই কোর্সগুলোর সম্পর্কে এবং কখন শুরু করতে পারবেন তা জানাবে।

## যে নথিতে লেখা আছে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী



আপনি একটি অফিসিয়াল নথি পাবেন, যাকে বলা হয় আশ্রয়প্রার্থীর পরিচয়বাহী নথি, যাতে লেখা থাকবে যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদনকারী। এই নথিতে আপনার নাম এবং ব্যক্তিগত তথ্য উল্লেখ থাকবে। আপনাকে অবশ্যই এটি আপনার সাথে সর্বদা বহন করতে হবে।

এটি কোনও ভ্রমণ নথি নয়।

স্টেট বর্ডার গার্ড কর্মী আশ্রয়প্রার্থীর আবেদন রেজিস্টার হওয়ার পরে, তাঁর পরিচয়বাহী নথি ইস্যু করবে।

**সাবধান!** খেয়াল রাখুন যেন এটি হারিয়ে না যায় এবং অন্য কেউ নিয়ে না নেয়

## আপনি কোথায় থাকবেন?

আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনটির পরীক্ষা চলাকালে আপনি কোথায় থাকবেন, তা অনেক বিষয়ের উপর নির্ভর করে।

যদি আপনাকে আটক না করা হয় বা নির্দিষ্ট লোকেশনে থাকতে না বলা হয় এবং আপনার কাছে নিজে ও পরিবারকে লালনপালন করার মতো যথেষ্ট অর্থ থাকে, তাহলে আপনাকে নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের দেওয়া আশ্রয়প্রার্থীদের থাকার জায়গায় থাকতে দেওয়া হবে।

এছাড়াও, আপনি নিজ খরচে নিজের ও পরিবারের জন্য অন্যত্র থাকার ব্যবস্থা করতে পারেন। স্টেট এই খরচ দেবে না।

**আপনি যেখানে থাকেন না কেন, আপনার কিছু অধিকার আছে:**



- **নিরাপদ থাকা:** কেউ, এমনকি কর্মীরাও আপনাকে ভয় দেখাতে, অপমান করতে বা ক্ষতি করতে পারবেন না



- **আপনি আপনার স্বামী, স্ত্রী, সন্তান বা 18 বছরের নিচের ভাইবোনদের সঙ্গে থাকতে পারেন — অথবা কোনো প্রাপ্তবয়স্ক আত্মীয়ের সঙ্গে যার প্রতিদিন যত্নের প্রয়োজন**
- **আপনার যদি প্রতিদিন যত্নের প্রয়োজন** এমন প্রাপ্তবয়স্ক হন, তবে আত্মীয়দের সঙ্গে থাকতে পারবেন



- **আপনি যদি না জানেন আপনার পরিবার কোথায় আছে,** তবে তাদের সঙ্গে **যোগাযোগ করার ও তাদের খুঁজে পাওয়ার জন্য সাহায্য পান।**

**আপনি আনুষ্ঠানিক অভিযোগ করতে পারেন যদি আপনি মনে করেন যে:**



- স্টাফদের মধ্যে কেউ আপনাকে হুমকি দিয়েছে, অপমান করেছে বা ক্ষতি করেছে।
- কোনো কর্মকর্তার কোনো কাজ বা নিষ্ক্রিয়তা আপনার ক্ষতি করেছে;
- আপনার মৌলিক অধিকার ও চাহিদা পূরণ হচ্ছে না।

স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্মকর্তা আপনাকে জানাবে কীভাবে আনুষ্ঠানিক অভিযোগ করতে হয়।


আপনি সবসময় কর্তৃপক্ষ, বেসরকারি সংস্থা বা জাতিসংঘ শরণার্থী সংস্থা (UNHCR)-এর কাছে আরও তথ্য চাইতে পারেন।

যদি আপনার পর্যাপ্ত আর্থিক সামর্থ্য থাকে এবং যদি কর্তৃপক্ষ এটা সিদ্ধান্ত না নেয় যে আপনাকে নির্দিষ্ট কোনো বাসস্থানে থাকতে হবে, সেক্ষেত্রে আপনি ব্যক্তিগত বাসস্থানে থাকার সিদ্ধান্ত নিতে পারেন। এই ক্ষেত্রে, আপনি আপনার পরিবার বা বন্ধুদের সঙ্গে থাকার অনুমতিও পেতে পারেন।

আবেদনকারীরা ব্যক্তিগত বাসস্থানে থাকলে, স্টেট তার খরচ প্রদান করবে না।



**স্টেট বর্ডার গার্ড সিদ্ধান্ত নিতে পারে যে আপনাকে কোনো নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় থাকতে হবে কি না। এই ক্ষেত্রে, তারা আপনাকে এমন ভাষায় লিখিত ভাবে জানাবে যা আপনি বুঝতে পারেন।**




স্টেট বর্ডার গার্ড সিদ্ধান্ত নিতে পারে যে আপনাকে এই এলাকায় থাকতে হবে, যাতে আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন দ্রুত পরীক্ষা করা যায়, অথবা অ্যাকোমোডেশন সেন্টারগুলিতে হয়ত জায়গা উপলব্ধ রয়েছে।

আপনি এই এলাকার মধ্যে স্বাধীনভাবে চলাচল করতে পারবেন।

এই ভৌগোলিক এলাকাটি আপনার নথিতে উল্লেখ করা থাকবে যেখানে নথিবদ্ধ থাকবে যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার আবেদনকারী।

যদি আপনাকে এই এলাকা থেকে স্বল্প সময়ের জন্য বের হতে হয়, তাহলে আপনাকে অবশ্যই স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। আপনি শুধুমাত্র যৌক্তিক, জরুরি এবং গুরুতর পারিবারিক কারণে বা এমন প্রয়োজনীয় চিকিৎসার জন্য এলাকা ছাড়ার অনুরোধ করতে পারেন যেটি আপনার থাকার ভৌগোলিক এলাকায় উপলব্ধ নয়। কর্তৃপক্ষ আপনার অনুরোধ মঞ্জুর করতে পারে বা নাও করতে পারে।

যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

**স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনার অবস্থার উপর নির্ভর করে সিদ্ধান্ত নিতে পারে যে আপনাকে কোনো নির্দিষ্ট জায়গায় থাকতে হবে (যেমন কোনো নির্দিষ্ট অ্যাকোমোডেশন সেন্টারে)।**



**আপনাকে ওই জায়গা থেকে বের হতে দেওয়া হবে, কিন্তু কিছু নিয়ম মানতে হবে। আপনার ওই নির্দিষ্ট জায়গায় উপস্থিতি হয়তো/অবশ্যই নিয়মিতভাবে দেখা বা যাচাই করা হবে।**

স্টেট বর্ডার গার্ড এটা অনেক কারণেই এই ধরনের সিদ্ধান্ত নিতে পারে। যেমন:

- আপনি চলে যেতে পারেন এমন ঝুঁকি আছে।
- আরেকটি দেশ আপনার অ্যাসাইলাম আবেদন পরীক্ষা করার জন্য দায়িত্বশীল থাকতে পারে, আর কর্তৃপক্ষ ভাবতে পারে আপনি চলে যেতে পারেন
- আপনি অনুমতি ছাড়া এই দেশ ছেড়েছিলেন, আপনাকে ফিরিয়ে আনা হয়েছে, আর এখন আবার চলে যাওয়ার ঝুঁকি আছে।

**স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ আপনাকে আপনার পরিচিত কোনো ভাষায় লিখিতভাবে এই সিদ্ধান্ত জানাবে। আপনাকে আপনার অধিকার, বাধ্যবাধকতা এবং যদি আপনি এই সিদ্ধান্ত মেনে না ন তবে তার নেতিবাচক পরিণতি সম্পর্কে জানানো হবে।**

আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

আপনি জানতে চাইতে পারেন স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষর কাছে, আপনি কোনো অন্য জায়গায় সীমিত সময় থাকতে পারবেন কি-না। কর্তৃপক্ষ আপনার অনুরোধ মঞ্জুর করতে পারে বা নাও করতে পারে। যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়, আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।

**সাবধান!** যদি আপনি এই নির্দিষ্ট জায়গায় থাকার সিদ্ধান্ত এবং আরোপিত নিয়ম না মানেন, এবং আবার চলে যাওয়ার ঝুঁকি থাকে, তবে আপনাকে আটক করা যেতে পারে।

## যে অবস্থায় কোনো আবেদনকারীকে আটক করা যেতে পারে

আটক মানে হলো আপনাকে এমন একটি জায়গায় রাখা হয়েছে, যেখান থেকে আপনি ইচ্ছেমতো বের হতে পারবেন না। আপনাকে আটক করতে হলে কর্তৃপক্ষের বৈধ কারণ থাকতে হবে। তারা নিশ্চিত হতে হবে যে আপনার ক্ষেত্রে অন্য কোনো বিকল্প নেই। স্টেট বর্ডার গার্ড কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার ব্যক্তিগত পরিস্থিতি বিবেচনা করবে।



আটক করার কারণগুলোর মধ্যে হতে পারে যেমন:

- আপনার অ্যাসাইলাম আবেদনের গুরুত্বপূর্ণ অংশ (যেমন আপনার পরিচয়) আটক করা ছাড়া যাচাই করা সম্ভব নয়
- আপনি নির্দিষ্ট স্থানে থাকার বাধ্যবাধকতা মানেননি, এবং আবার চলে যাওয়ার ঝুঁকি রয়েছে এবং কর্তৃপক্ষ আপনার কাছে পৌঁছাতে পারছে না
- আপনার অ্যাসাইলাম আবেদন যে EU+ দেশ পরীক্ষা করবে সেখানে পাঠানোর সিদ্ধান্ত হয়েছে, কিন্তু আপনি স্থানান্তরের আগে চলে যেতে পারেন
- আপনি নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত হলে।

আপনি যদি আটক হন, তবে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন। আপনি বিনামূল্যে আইনি সহায়তা ও আইনি প্রতিনিধি চাইতে পারেন।

## আপনার রিসেপশন সংক্রান্ত বাধ্যবাধকতা কী?





**নিচে আপনার মানতে হবে এমন কিছু বাধ্যবাধকতা লেখা আছে।**

- ✅ এই দেশের আইন মেনে চলবেন।
- ✅ লাটভিয়ায় থাকবেন এবং কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যাবেন না।
- ❌ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ভৌগোলিক এলাকা (প্রশাসনিক অঞ্চল) অথবা সেই নির্দিষ্ট জায়গা যেখানে কর্তৃপক্ষ বলেছে আপনাকে থাকতে হবে, সেখান থেকে বের হবেন না।
- ✅ কর্তৃপক্ষের সঙ্গে সম্পূর্ণভাবে সহযোগিতা করুন এবং তাদের নির্দেশনা অনুসরণ করুন।
- ✅ যেখানে আপনি থাকছেন সেই জায়গার নিয়মগুলো মানুন।
- ✅ অন্য বাসিন্দা, কর্মচারী এবং অন্যান্য ব্যক্তিদের প্রতি শ্রদ্ধাশীল হোন।
- ✅ স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক কর্তৃপক্ষকে আপনার আর্থিক সম্পদের সম্পর্কে জানান।
- ✅ স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক কর্তৃপক্ষকে আপনার বর্তমান ঠিকানা এবং যোগাযোগের তথ্য (ফোন নম্বর, ইমেইল) এবং সেগুলির কোনো পরিবর্তন হলে সেই সম্পর্কে জানান, যাতে তারা সব সময় আপনার সঙ্গে যোগাযোগ রাখতে পারেন।

## যদি আপনি আপনার বাধ্যবাধকতাগুলি পালন না করেন, তাহলে কী হবে?

স্টেট বর্ডার গার্ড  এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক  কর্তৃপক্ষ আপনার পরিস্থিতি মূল্যায়ন করবে এবং হয়তো কিছু ধরনের সহায়তা কমিয়ে দিতে বা বাতিল করতে পারে। কর্তৃপক্ষ স্টেট বর্ডার গার্ড  এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক  কর্তৃপক্ষ আপনাকে এমন সিদ্ধান্ত সম্পর্কে লিখিতভাবে জানাবে এবং ঠিক করবে কোন সহায়তা তারা কমাবে বা বাতিল করবে।




### সাবধান!

**আপনি কম সহায়তা পেতে পারেন**, যেমন, যদি:

- আপনি অনুমতি ছাড়া ভৌগোলিক এলাকা অথবা সেই নির্দিষ্ট জায়গা যেখানে কর্তৃপক্ষ বলেছে আপনাকে থাকতে হবে সেখান থেকে বের হন।
- আপনি কর্তৃপক্ষের সঙ্গে সহযোগিতা করছেন না
- আপনি আপনার আর্থিক সম্পদের ব্যাপারে মিথ্যা বলেছেন
- আপনি যেখানে থাকছেন সেই জায়গার নিয়ম ভেঙেছেন
- আপনি ইতোমধ্যেই অন্য কোনো EU+ দেশে অ্যাসাইলামের জন্য আবেদন করেছেন এবং সেই দেশ থেকে চলে গেছেন।
- আপনি অনুমতি ছাড়াই আশ্রয়প্রার্থীর বাসস্থান ছেড়ে বেরিয়ে যান।
- আপনি বর্তমান ঠিকানা, ফোন নম্বর বা ইমেইল অ্যাড্রেস না দেন।

**আপনি যে সাহায্য পাচ্ছেন সেটা হারাতে পারেন** যদি আপনি কাউকে আঘাত করেন, কাউকে ভয় দেখান, বা যেখানে থাকেন সেখানের নিয়মগুলো বারবার বা গুরুতরভাবে ভাঙেন। এই ক্ষেত্রে, পুলিশকেও হস্তক্ষেপ করার জন্য ডাকা হতে পারে।



## আপনি যদি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য কোনো EU+ দেশে যান, তাহলে কী হবে?




**লাটভিয়া:**

- আপনার অ্যাসাইলাম প্রসিডিউর বন্ধ হয়ে যেতে পারে।

**যে EU+ দেশে আপনি অনুমতি ছাড়া গিয়েছিলেন:**

- কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে আপনাকে সেই দেশে ফেরত পাঠানোর যেটি আপনি অনুমতি ছাড়া ছেড়েছিলে।

কর্তৃপক্ষ আপনাকে ফেরত পাঠানোর সিদ্ধান্ত জানালে তখন থেকেই আপনার কিছু অধিকার থাকবে না, যেমন:

- আপনি **অনেক পরিষেবা এবং সহায়তা পাবেন না**
- আপনি **কাজ করতে পারবেন না**
- আপনি **ভাষা কোর্স বা নতুন দক্ষতা শেখার কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না**।

## যখন আপনাকে সেই EU+ দেশের সদস্য রাষ্ট্রে ফেরত পাঠানো হবে যেটি আপনি অনুমতি ছাড়াই ছেড়েছেন, তখন কী হবে?



কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিতে পারে যে আপনাকে একটি নির্দিষ্ট জায়গায় থাকতে হবে এবং নিয়মিত ভাবে আপনার উপস্থিতি যাচাই করা হবে। কিছু নিয়ম মানার শর্তে আপনি কেন্দ্রের বাইরে যেতে পারবেন।

## আপনি কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন।



যদি স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্তৃপক্ষ আবেদনকারী হিসেবে আপনার অধিকার সীমিত করার সিদ্ধান্ত নেয় এবং আপনি মনে করেন এটি অন্যায়, **আপনি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন**।

আপনি আপিল করতে পারেন যদি স্টেট বর্ডার গার্ড এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেয়:

- আপনার আবাসন এবং অন্যান্য রিসেপশন সহায়তা পাওয়ার অধিকার নেই
- আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা কমানো বা বাতিল করা হলে
- আপনার অনুরোধ মঞ্জুর না করা যে আপনি সাময়িকভাবে একটি নির্দিষ্ট ভৌগোলিক এলাকা বা একটি নির্দিষ্ট জায়গা ত্যাগ করতে পারবেন;
- আপনাকে একটি নির্দিষ্ট জায়গায় থাকতে হবে (যেমন কোনো নির্দিষ্ট রিসেপশন সেন্টারে) এবং কিছু নিয়ম মানার শর্তে আপনি বাইরে যেতে পারবেন।
- আপনাকে আটক করার সিদ্ধান্ত নেয়।

যদি আপনি কর্তৃপক্ষের অনুমতি ছাড়া অন্য EU+ দেশে ভ্রমণ করে থাকেন এবং সেখানে কিছু রিসেপশন সংক্রান্ত অধিকার হারিয়ে ফেলেন, তাহলে আপনি সেই দেশে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারেন

যদি স্টেট বর্ডার গার্ড  এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্তৃপক্ষ আপনাকে দেওয়া অন্তর্ভুক্তি সহায়তা কমানো বা বাতিল করার সিদ্ধান্ত নেয় 20 নম্বর পৃষ্ঠায় ব্যাখ্যা করা পরিস্থিতির কারণে, আপনার কিছু অধিকার অবশিষ্ট থাকবে। উদাহরণস্বরূপ, আপনি একজন চিকিৎসকের বা নার্সের সঙ্গে দেখা করতে পারবেন, চিকিৎসা সহায়তা পাবেন, কিছু সহায়তা পাবেন (যেমন খাবার, পরিষ্কার পরিচ্ছন্নতার আইটেম) এবং কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার জন্য ঘুমানোর একটি জায়গা থাকবে।

সহায়তার ধরন নির্ভর করবে আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনের ওপর।

আপনি যে EU+ দেশে অনুমতি ছাড়া ভ্রমণ করেছেন, সেই দেশের কর্তৃপক্ষ যখন আপনাকে দেওয়া রিসেপশন সহায়তা বাতিল করার সিদ্ধান্ত নেয়, তখনও আপনি কী ধরনের সহায়তা পাবেন তা আপনার ব্যক্তিগত পরিস্থিতি এবং প্রয়োজনীয়তার উপর নির্ভর করবে।

## আপনি আইনি সহায়তা পেতে পারেন



যদি আপনি বিচারকের সামনে কর্তৃপক্ষের আপনার অন্তর্ভুক্তির অধিকার সীমিত করার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চান, আপনি অবশ্যইহয়তোনির্বাচন করবে বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্ব পাবেন/পেতে পারেন আপনার পরিস্থিতির উপর নির্ভর করে।

এটার মানে হলো একজন আইন পরামর্শদাতা বা আইনজীবী আপনাকে সাহায্য করবেন। আইনি পরামর্শদাতা বা আইনজীবী আপনাকে আদালতের সামনে আইনি সহায়তা দেয়, আপনার স্বার্থ রক্ষা করে এবং তারা কর্তৃপক্ষ ও বিচারক নিরপেক্ষ।

আপনি চাইলে নিজের খরচে একজন আইনি পরামর্শদাতা বা আইনজীবীর সঙ্গে পরামর্শ করতে পারেন।




স্টেট বর্ডার গার্ড  এবং নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগের কর্তৃপক্ষ আপনাকে জানাবে কীভাবে একটি সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে হবে।

আপনি সবসময় কর্তৃপক্ষ, বে-সরকারি প্রতিষ্ঠান বা UNHCR-এর কাছে আরও তথ্য জানতে পারেন, যার মধ্যে উপলব্ধ রয়েছে বিনামূল্যে আইনি সহায়তা এবং প্রতিনিধিত্ব সম্পর্কিত তথ্য।

## যোগাযোগের তথ্য

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা থাকার সময় সহায়তা প্রয়োজন হয়, আপনি এখানে কাজ করা কর্মীদের সঙ্গে কথা বলতে পারেন:

### অন্তর্ভুক্তি/ভর্তি করার কর্তৃপক্ষ

**স্টেট বর্ডার গার্ড**
ঠিকানা: Rūdolfa iela 5, Riga
টেলিফোন: +371 67913300
ইমেইল: pasts@rs.gov.lv
https://www.rs.gov.lv/

**নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক বিভাগ**
ঠিকানা: Čiekurkalna 1. līnija 1, k-3, Riga
টেলিফোন: +371 67209400
ইমেইল: pasts@pmlp.gov.lv
https://www.pmlp.gov.lv/

আপনি চাইলে নিচের প্রতিষ্ঠানগুলোর সাথেও যোগাযোগ করতে পারেন, যদি আপনার প্রশ্ন থাকে নিচের বিষয়গুলো নিয়ে:

### চিকিৎসা সহায়তা



**ন্যাশনাল হেলথ সার্ভিস**
ঠিকানা: Cēsu iela 31 k-3, entrance 6, Riga
টেলিফোন: +371 80001234
ইমেইল: nvd@vmnvd.gov.lv
https://www.vmnvd.gov.lv

## মানসিক-সামাজিক সাপোর্ট



**ইউনিফায়েড ফ্রি ক্রাইসিস হটলাইন: 116 123**

এটি প্রাপ্তবয়স্কদের মানসিক-আবেগগত সহায়তা দেওয়ার জন্য তৈরি, তার পাশাপাশি এখানে মনোবিদের সাথে ফ্রি কাউন্সেলিংয়েরও সুবিধা আছে। এই সহায়তা লাটভিয়ান, ইংরেজি ও রাশিয়ান ভাষায় পাওয়া যায়। টেলিফোন - 116 123

## আইনগত পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব



কোর্ট অ্যাডমিনিস্ট্রেশন
ঠিকানা: Antonijas iela 6, Riga
টেলিফোন: +371 67063800
ইমেইল: pasts@ta.gov.lv
https://www.ta.gov.lv/

| | |
|---|---|
| **UNHCR (UN-এর শরণার্থী সংস্থা)** | ঠিকানা: Antonijas iela 9, Riga<br>টেলিফোন: +46 10 101 28 00<br>ইমেইল: swest@unhcr.org<br>https://www.unhcr.org/ |
| **সোসাইটি ইন্টিগ্রেশন ফাউন্ডেশনের ওয়ান-স্টপ সেবা কেন্দ্র** | গ্রাহকসেবা কার্যালয়ের ঠিকানা জানার ওয়ান-স্টপ সেবা কেন্দ্র:<br>• Raiņa bulvāris 15, Riga, টেলিফোন:+371 26959706<br>• Rožu iela 6, Liepaja, টেলিফোন: +371 22811020<br>• Ģimnāzijas iela 11, Daugavpils, টেলিফোন: +371 29557630<br>https://livelatvia.lv/ |
| **লাটভিয়ার মানবাধিকার কেন্দ্র** | ঠিকানা: Alberta iela 13, Riga<br>টেলিফোন: +371 67039290<br>ইমেইল: office@humanrights.org.lv https://cilvektiesibas.org.lv/ |

যদি আপনার কোনো জরুরি চিকিৎসা পরিষেবার প্রয়োজন হয় বা আপনি বিপদে পড়েন, তাহলে আপনি বিনামূল্যে এই জরুরি নম্বরে /জরুরি নম্বরগুলোতে কল করতে পারেন:



**জরুরি চিকিৎসা পরিস্থিতি ও পুলিশ: 112**

# আমার নোট

এই ব্রোশিওরটি শুধু তথ্য প্রদানের জন্য। এটি কোনো অধিকার বা বাধ্যবাধকতা প্রদান করে না। ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম (EUAA) এটির উপকরণের মূল অংশটি সরবরাহ করেছে, এবং এই ব্রোশিওরটি পুনর্মুদ্রণ বা পরিবর্তন শুধুমাত্র EU সদস্য রাষ্ট্রগুলোর জন্য EUAA কর্তৃক অনুমোদিত। EUAA EU সদস্য রাষ্ট্র বা অন্য কোনো দায়িত্বশীল তৃতীয় পক্ষের দ্বারা এই ব্রোশিওরে অন্তর্ভুক্ত তথ্যের যথার্থতা, বিষয়বস্তু, সম্পূর্ণতা, বৈধতা বা নির্ভরযোগ্যতার জন্য কোন দায় বা দায়িত্ব স্বীকার করে না। EUAA বা EUAA-এর পক্ষে কাজ করা কোনো ব্যক্তি এই ব্রোশিওরে থাকা তথ্যের ব্যবহারের জন্য দায়িত্বশীল নয়।

© ইউরোপিয়ান ইউনিয়ন এজেন্সি ফর অ্যাসাইলাম, 2025